# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৫৯

তারিখঃ ২৩ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭১৪ তম কমিশন সভা অদ্য ০৭/০১/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহও গৃহীত হয়েছেঃ

১. ওয়ালটন হাইটেক ইন্ডাস্ট্রিজ লিমিটেড-কে বুক বিল্ডিং পদ্ধতিতে ইলেকট্রনিক বিডিং সম্পাদনের মাধ্যমে প্রান্ত-সীমা মূল্য (Cut-off price) নির্ধারণের জন্য বিডিং -এর অনুমোদন প্রদান করা হয়। আলোচ্য কোম্পানীটি বুক বিল্ডিং পদ্ধতিতে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে পুঁজিবাজার থেকে ১০০ (একশত কোটি) টাকা মূলধন সংগ্রহ করে ব্যবসায় সম্প্রসারণ, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৯ তারিখে সমাপ্ত আর্থিক বিবরণী অনুযায়ী যথাক্রমে শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য (পুনর্মূল্যায়ন সঞ্চিতিসহ) ২৪৩.১৬ টাকা ও শেয়ার প্রতি নীট সম্পত্তি মূল্য (পুনর্মূল্যায়ন সঞ্চিতি ব্যতীত) ১৩৮.৫৩ টাকা এবং বিগত ৫টি আর্থিক বিবরণী অনুযায়ী কর পরবর্তী নীট মুনাফার ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় ২৮.৪২ টাকা। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে এএএ ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড।

২. ইসলামিক ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড এর ৩০০ (তিনশত) কোটি টাকার Non-convertible Mudarada Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এই বন্ডের বৈশিষ্ট্য হচ্ছে Non-convertible, Fully Redeemable, Unsecured, Unlisted Mudaraba Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে পূর্ণ অবসায়ন হবে যা বিভিন্ন ব্যাংক, কর্পোরেটস, ইন্স্যুরেন্স কোম্পানীসমূহ, আর্থিক প্রাতিষ্ঠানসমূহ এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারীগণকে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে ইসলামিক ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে কোম্পানীর ব্যবসা সম্প্রসারণ, ঋণ পরিশোধ ও বিভিন্ন খাতে ব্যয় করবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ২৫ (পঁচিশ) লক্ষ টাকা। এই বন্ডের ট্রাস্টি এবং ম্যানডেটেড লিড অ্যারেঞ্জার হিসাবে রয়েছে যথাক্রমে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এবং ক্যাপিটেক এ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড।

৩. ডিএসই ব্রোকার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (DBA) এর আবেদনের পরিপ্রেক্ষিতে কমিশন, বিএসইসির নির্দেশনা নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২০৩ তারিখ: ২৮ ডিসেম্বর ২০১৭ এর মাধ্যমে প্রদত্ত স্টক ডিলার হিসাব ও স্টক ব্রোকার এর মক্কেলের মার্জিন হিসাবের পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) রাখার ঐচ্ছিক সুবিধার বিদ্যমান মেয়াদ অতিরিক্ত আরও ২ (দুই) বছর বর্ধিত করেছে।

৪. এছাড়াও কমিশন অদ্যকার সভায় Cybersecurity Guidelines for Capital Market in Bangladesh এর কতিপয় সংশোধন/পরিবর্তন সাপেক্ষে Cybersecurity Guidelines for Capital Market in Bangladesh এর অনুমোদন প্রদান করেছে।

Rahman
০৭/০১/২০২০

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।